



# SHAHJALAL UNIVERSITY PRESS CLUB

তারিখ: ১৭ মার্চ, ২০২০

সংক্ষেপ: প্রেস বিজ্ঞপ্তি/ ১৬-০২

## শাবি প্রেসক্লাবের 'মুজিব শতবর্ষ বিশেষ পঞ্জিকা'র মোড়ক উন্মোচন


আজ ১৭ই মার্চ, মঙ্গলবার। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী। মুজিব শতবর্ষ উপলক্ষে সারা বছরব্যাপী বিভিন্ন কর্মসূচী হাতে নিয়েছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত সাংবাদিকদের সংগঠন শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব। এরই ধারাবাহিকতায় 'মুজিব শতবর্ষ বিশেষ পঞ্জিকা-২০২০' এর মোড়ক উন্মোচন করা হয়েছে।

মঙ্গলবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব কার্যালয়ে সভাপতি হোসাইন ইমরানের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মেহেদী কবীরের সঞ্চালনায় এ বিশেষ পঞ্জিকার মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন উপাচার্য ও শাবি প্রেসক্লাবের প্রধান পৃষ্ঠপোষক অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ। এসময় আরো উপস্থিত ছিলেন উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আনোয়ারুল ইসলাম, শাবি শিক্ষক সমিতির সভাপতি এবং ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. রাশেদ তালুকদার, প্রক্টর অধ্যাপক জহীর উদ্দিন আহমদ, আইপিই বিভাগের প্রধান অধ্যাপক ড. মুহাম্মদ মুহসিন আজিজ খান, শাহপুরান হল প্রভোষ্ট অধ্যাপক ড. মোহাম্মদ মিজানুর রহমান খান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল প্রভোষ্ট অধ্যাপক ড. এস এম হাসান জাকিরুল ইসলাম, প্রথম ছাত্রী হল প্রভোষ্ট অধ্যাপক ড. জয়েন্দো শারমিন, বেগম সিরাজুল্লেসা চৌধুরী ছাত্রী হল প্রভোষ্ট সহকারী অধ্যাপক জাফরিন আহমেদ লিজা, সহকারী প্রক্টর সহযোগী অধ্যাপক মো. সামিউল ইসলাম, সহযোগী অধ্যাপক ড. আলমগীর কবীর, সহকারী অধ্যাপক জাহিদ হাসান, শাবি ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি মোহাম্মদ রংগুল আমিন, শাবি প্রেসক্লাবের সহ সভাপতি আরাফ আহমদ প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে শাবি উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, শাবি প্রেসক্লাবের এ বিশেষ ক্যালেন্ডার প্রকাশ একটি ব্যতিক্রমী আয়োজন যা প্রশংসন যোগ্য। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকীতে সবাইকে মুজিব আদর্শে অনুপ্রাণিত হয়ে বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে আহ্বান জানান তিনি। সেই সাথে সারাবিশ্বে মহামারী আকারে ছড়িয়ে পড়া করোনা ভাইরাস থেকে সবাইকে সতর্ক থাকতে বলেন শাবি উপাচার্য।

সমাপনী বক্তব্যে শাবি প্রেসক্লাবের সভাপতি হোসাইন ইমরান বলেন, মুজিব শতবর্ষ উপলক্ষে শাবি প্রেসক্লাব বছর ব্যাপী নানা আয়োজনের উদ্যোগ নিয়েছে। তারই অংশ হিসেবে আজ বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে 'মুজিব শতবর্ষ বিশেষ পঞ্জিকা-২০২০' এর মোড়ক উন্মোচন করা হয়েছে। বঙ্গবন্ধুর আদর্শ তরঙ্গ প্রজন্মের মাঝে ছড়িয়ে দিতে শাবি প্রেসক্লাব বন্ধপরিকর। শাবি প্রেসক্লাবের এবারের মুজিববর্ষের বিশেষ ক্যালেন্ডারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১৯৭২ সালের জানুয়ারি মাসে স্বদেশ প্রত্যাবর্তনের সময়কালে লক্ষণের প্রেস কনফারেন্সের একটি ছবি স্থান পেয়েছে।

বার্তাপ্রেক্ষ

  
17.03.2020

জুবায়ের মাহমুদ

দণ্ডনির সম্পাদক, শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব

মুঠোফোন: ০১৭৩৫৮১৪৮১১